বিজ্ঞ জেলা ও দায়রা জজ আদালত, বরিশাল

সূত্রঃ- বরিশাল সদর থানা, মামলা নং- ০০, তারিখঃ ০০-০০-২০২১ ইং। জি, আর-১৭৯/২১ (ঘ)
ধারাঃ ৪০৬/৪১৯/৪২০/৪৬৫/৪৬৭/৪৭১/১০৯
দঃবঃ এবং পাসপোর্ট আইনের ১১(৩)

শাহানুর রহমান সবুজ ----------বাদী
বনাম
১। আনোয়ারুল ইসলাম
২। সামসুল আরেফিন ----------আসামী

বিষয়ঃ মাননীয় আদালতে অত্র দরখাস্তকারী বাদীপক্ষে আসামীদের জামিন বাতিল পূর্বক জেল-হাজতে প্রেরণের আবেদন।
১। অত্র মামলার দরখাস্তকারী বাদী অত্যান্ত সহজ সরল ও শান্তিপ্রিয় মানুষ।
২। অত্র মামলার আসামীগণ খুবই খারাপ প্রকৃতির লোক এবং এলাকার চিহ্নিত মাস্তান।
৩।অত্র মামলার আসামীদের মাননীয় আদালত বিগত ০০/০০/০০০ ইং তারিখে দৈনিক হাজিরার শর্তে অর্ন্তবর্তীকালীন জামিনে মুক্তি দেন এবং তাহারা জামিনে মুক্তি পাইয়া ঐ দিন রাতেই অত্র মামলার ৫ জন আসামী সহ ৭/৮ জন মাস্তান প্রকৃতির যুবক বাদীর বাসায় ঢুকিয়া বাদীকে অকথ্য ভাষায় গালিগালাজ করে এবং মামলা প্রত্যাহার না করিলে বাদী সহ তাহার স্ত্রী ও ছেলেকে প্রাণে শেষ করিয়া দিবে বলিয়া হুমকি দেয় । ঘটনাটি উল্লেখ করিয়া বাদী বিগত ০০/০০/০০০০ ইং তারিখে রবিশাল থানায় একটি সাধারণ ডায়েরী করে যাহার নং ০০০০
৪। যেহেতু দরখাস্তকারী অত্যন্ত গরিব এবং কাচামাল ব্যবসায়ী এবং একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি। তাহাদের ভয়ে বাদী তাহার স্ত্রী ও ছেলে অত্যন্ত ভীত সন্ত্রস্ত।
৫। জামিন বাতিলের অন্যন্য কারণ মাননীয় আদালতে শুনানীর সময় পেশ করা হইবে।
অতএব, প্রার্থনা মাননীয় আদালত দয়া পরবশঃ দরখাস্ত গ্রহণ করতঃ আসামীদের জামিন বাতিল পূর্বক জেল-হাজতে প্রেরণ করিয়া ন্যায় বিচার করিতে মর্জি হয়।

ইতিঃ-